**আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)**
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।**
**ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২**
www.ispr.gov.bd

**সংবাদ বিজ্ঞপ্তি**

নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩ তারিখ: ২৬-০৪-২০২৩

# ভারতীয় সেনাবাহিনী প্রধানের আমন্ত্রণে সরকারি সফরে ভারত গেলেন বাংলাদেশ সেনাবাহিনী প্রধান

**ঢাকা, ২৬ এপ্রিল ২০২৩** ঃ সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি আজ বুধবার (২৬-০৪-২০২৩) ভারতীয় সেনাবাহিনী প্রধানের আমন্ত্রণে ০৩ দিনের সরকারি সফরে ভারত গমন করেন।

সফরকালে তিনি ভারতের চেন্নাইতে অবস্থিত অফিসার্স ট্রেনিং একাডেমিতে কমিশনপ্রাপ্ত অফিসারদের পাসিং আউট প্যারেডে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্যারেডের অভিবাদন গ্রহণ করবেন। সফরকালে তিনি ভারতীয় সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমান বাহিনী প্রধানগণ ছাড়াও চিফ অব ডিফেন্স স্টাফ, প্রতিরক্ষা সচিব ও পররাষ্ট্র সচিবসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন।

সাক্ষাতকালে তাঁরা দুই দেশের সেনাবাহিনীর মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন ও পারস্পরিক সহযোগিতার বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন। এছাড়াও এই সফরে তিনি ভারতীয় সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থাপনাসমূহ পরিদর্শন করবেন। উল্লেখ্য, সেনাবাহিনী প্রধানের উদ্যোগে বিগত দুই বছরে বাংলাদেশ এবং ভারত সেনাবাহিনীর বিদ্যমান সম্পর্কের অভূতপূর্ব উন্নতি হয়েছে।

সফর শেষে সেনাবাহিনী প্রধান আগামী ৩০ এপ্রিল ২০২৩ তারিখ ভারত হতে দেশে প্রত্যাবর্তন করবেন।

স্বাক্ষরিত/-
রাশেদুল আলম খান
সহকারী পরিচালক
পক্ষে পরিচালক
মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮